The Bangladesh Monitor - A Premier Travel Publication

# কেবিন ক্রু ছাঁটাই করছে স্পিরিট এয়ারলাইনস

- A Monitor Desk Report Date: 25 September, 2025




**ঢাকাঃ যুক্তরাষ্ট্রের সাশ্রয়ী আকাশ পরিষেবাদাতা স্পিরিট এয়ারলাইনস প্রায় এক-তৃতীয়াংশ কেবিন ক্রুকে (১৮০০)সাময়িকভাবে ছাঁটাইয়ের পরিকল্পনা করেছে ।**

এর মধ্যে স্বেচ্ছা ও বাধ্যতামূলক ছাঁটাই অন্তর্ভুক্ত রয়েছে। দ্বিতীয়বারের মতো দেউলিয়াত্বের আবেদনের পর খরচ কমানোর অংশ হিসেবে এ সিদ্ধান্ত নিয়েছে সংস্থাটি।

স্পিরিট এয়ারলাইনসের প্রধান পরিচালন কর্মকর্তা (সি ইও) জন বেনডোরাইটিস এক বার্তায় কেবিন ক্রুদের জানিয়েছেন, প্রতিষ্ঠানকে মুনাফায় ফিরিয়ে নিতে নেটওয়ার্ক, বহর ও জনবল নিয়ে কঠিন সিদ্ধান্ত নিতে হচ্ছে।

এর আগে স্পিরিটের প্রধান নির্বাহী ডেভ ডেভিসও কর্মী ছাঁটাইয়ের সতর্কবার্তা দেন। তিনি বলেছিলেন, খরচ নিয়ন্ত্রণে আনতে উড়োজাহাজের বহরে কাটছাঁট হবে।

বর্তমানে স্পিরিটের প্রায় ৮০০ কেবিন ক্রু স্বেচ্ছায় ছুটিতে রয়েছেন, যা জোরপূর্বক ছাঁটাই এড়াতে সংস্থাকে সাহায্য করেছে।

জন বেনডোরাইটিস জানান, নতুন করে স্বেচ্ছায় ছুটি নেয়ার সময়সীমা শেষ হয়ে গেছে।

সংস্থাটি ৬ মাস বা ১ বছরের জন্য স্বেচ্ছায় চাকরি ছাড়ার সুযোগ দিচ্ছে। এতে কর্মীরা চিকিৎসা সুবিধা পাবেন।

স্পিরিট এয়ারলাইনসের ছাঁটাইয়ের বিষয়টি নিশ্চিত করেছে মার্কিন কেবিন ক্রুদের সংগঠন অ্যাসোসিয়েশন অব ফ্লাইট অ্যাটেনডেন্টস-সিডব্লিউএ (এএফএ)।

সংগঠনটি বলছে, অন্যান্য এয়ারলাইনসের স্থানীয় ইউনিয়নের সঙ্গে তারা আলোচনা করছে, যাতে ক্ষতিগ্রস্ত কর্মীরা অগ্রাধিকার ভিত্তিতে নতুন চাকরিতে সুযোগ পান।

এর আগে কয়েকশ পাইলটকেও ছাঁটাই করেছিল স্পিরিট এয়ারলাইনস। এখন পাইলট ইউনিয়নের সঙ্গে ১০ কোটি ডলার খরচ কমানোর বিষয়ে আলোচনা চলছে।

পাইলটদের সংগঠন এয়ারলাইনস পাইলটস অ্যাসোসিয়েশনকে জানানো হয়েছে, আগামী ১ অক্টোবরের মধ্যে সমঝোতায় পৌঁছতে তারা প্রতিদিন আলোচনায় বসতে প্রস্তুত। তবে দেউলিয়াত্ব আইনের অধীনে প্রয়োজনে চুক্তির বাইরেও পদক্ষেপ নিতে পারবে স্পিরিট।

-B